# রাজশাহী শিক্ষা বোর্ড সরকারি মডেল স্কুল এন্ড কলেজ
## বার্ষিক পরীক্ষা– ২০২৩
## নবম শ্রেণি–ব্যবসায় উদ্যাগ
## অধ্যায়–প্রথম(ব্যবসায় পরিচিতি)
## বহুনির্বাচনি অংশ:

১. ব্যবসায়ের উৎপত্তির মূল কারণ কোনটি?
ক) মুনাফা অর্জন খ) মানুষের অভাববোধ
গ) শিল্পবিপ্লব ঘ) বাজার সৃষ্টি

২. ব্যবসায়ের মুখ্য উদ্দেশ্য কি?
ক. উৎপাদন খ. মুনাফা অর্জন
গ. জনশক্তির সদ্ব্যবহার ঘ. অর্থসংস্থান

৩. ব্যবসায়ের কাজ হচ্ছে-
র. উৎপাদন
রর. ক্রয়-বিক্রয়
ররর. বাজার গবেষণা
নিচের কোনটি সঠিক?
ক. র. ও রর. খ. র ও ররর
গ. রর ও ররর ঘ. র, রর ও ররর

৪. নতুন ব্যবসায়ের উদ্যোগ গ্রহণের জন্য প্রয়োজন–
র. সঠিক পরিকল্পনা
রর. শিক্ষাগত যোগ্যতা
ররর. প্রশিক্ষণ
নিচের কোনটি সঠিক?
ক. র. ও রর. খ. র ও ররর
গ. রর ও ররর ঘ. র, রর ও ররর

৫। নিচের কোন কাজটি মুনাফা অর্জনের উদ্দেশ্যে করা হয়?
ক) বিদ্যালয় পরিষ্কার রাখা খ) বিউটি পার্লার
গ) বাড়ির পাশে গাছ লাগানো ঘ) বাড়ির পাশের আবর্জনা পরিষ্কার করা

৬। লাভের আশায় ঝুঁকি নিয়ে অর্থ ও শ্রম বিনিয়োগ করাকে কী বলে?
ক) উদ্যোগ খ) ব্যবসায় উদ্যোগ
গ) শিল্পোদ্যোগ ঘ) ব্যবসায়

৭। রাজশাহীর উৎপাদিত আম বিপণনের কোন কাজের মাধ্যমে সিলেটের বাজারে পাওয়া যায়?
ক. ক্রয় খ. বিক্রয়
গ. পরিবহন ঘ. গুদামজাতকরণ

৮। বিজ্ঞাপণ কীসের কাজ ?
ক. শিল্প খ. ব্যবসা
গ. বাণিজ্য ঘ. সেবা

৯।কোনটি একটি দেশের অর্থনৈতিক উন্নয়নের হাতিয়ার?
ক. আত্মকর্মসংস্থান খ. আমদানি-রপ্তানি
গ. ব্যবসায়-বাণিজ্য ঘ. সম্পদের সুষ্ঠু ব্যবহার

১০। নার্সারি কোন শিল্পের অন্তর্গত?
ক) প্রজনন খ) নির্মাণ গ) নিষ্কাশন ঘ) উৎপাদন

১১। মানব সম্পদ কোন পরিবেশের উপাদান?
ক) অর্থনৈতিক খ) প্রাকৃতিক গ)সামাজিক ঘ) আইনগত

১২। গ্যাস , বিদ্যুৎ কোন শিল্পের অন্তর্গত?
ক) প্রজনন খ) সেবা গ) নিষ্কাশন ঘ) উৎপাদন

১৩। কর্মদক্ষতা বৃদ্ধির জন্য কর্মীদের কোনটি প্রয়োজন?
ক) প্রশিক্ষণ খ) মনোবল গ) বেতন ঘ) শিক্ষা

১৪। আইন -শৃঙ্খলা কোন পরিবেশের উপাদান?
ক) আইনগত খ) প্রযুক্তিগত গ) রাজনৈতিক ঘ) অর্থনৈতিক

১৫। কোন ক্ষেত্রে রূপগত উপযোগ সৃষ্টি হয়?
ক. পণ্যের স্থানান্তর খ. স্বত্ব হস্তান্তর
গ. কাঁচামাল থেকে পণ্য তৈরি ঘ. পণ্যের সংরক্ষণ

## সৃজনশীল প্রশ্নঃ

১।মি. রতন একজন পোশাক ব্যবসায়ী। তার ব্যবসায়ের পরিধি বৃদ্ধির লক্ষ্যে ব্যাংক থেকে ঋণ সহায়তা নিলেন। এতে তার উৎপাদন আরও অনেক বৃদ্ধি পেল। তিনি উৎপাদিত পোশাক দেশের পাশাপাশি বিদেশেও রপ্তানি করে বৈদেশিক মুদ্রা অর্জন করতে লাগলেন। কিন্তু বর্তমানে ধর্মঘটসহ শ্রমিক অসন্তোষের কারণে পোশাক উৎপাদন বাঁধাগ্রস্ত হচ্ছে।
ক. প্রত্যক্ষ সেবা কাকে বলে?
খ. ব্যবসায়ের আইনগত পরিবেশ বলতে কি বোঝ? ব্যাখ্যা কর।
গ. মি. রতনের ব্যবসায় সম্প্রসারণে কোন সংস্থা সহায়ক ভূমিকা পালন করেছে? বর্ননা কর।
ঘ. মি. রতনের ব্যবসায় প্রতিষ্ঠানে কাজের সুষ্ঠ পরিবেশ নিশ্চিত করতে ব্যবসায় পরিবেশের কোন উপাদানের উন্নয়ন প্রয়োজন? মতামত দাও।

২। চরফ্যাশনের শামসুল আলম মেঘনার মোহনা থেকে স্থানীয় জেলেদের নিয়ে ইলিশ মাছ ধরে ভোলায় বিক্রি করেন। ব্যাপক চাহিদা ও ভালো দাম পাওয়ায় তিনি নতুন জাল, আধুনিক সরঞ্জাম সংবলিত ট্রলার ক্রয়ের কথা ভাবছেন। কিন্তু নিজস্ব তহবিল না থাকায় আর্থিক প্রতিষ্ঠানের নিকট থেকে ঋণ নেওয়ার চিন্তা করছেন।
ক. বাণিজ্য কী?
খ. শিল্প বলতে কী বোঝায়?
গ. শামসুল আলমের ব্যবসাটি কোন শিল্পের অন্তর্গত তা বর্ণনা কর।
ঘ. শামসুল আলমের ঋণ নেওয়ার প্রক্রিয়াটি কোন পরিবেশের উপাদান তা বিশ্লেষণ কর।

৩। জনাব সাহিদ একজন ব্যবসায়ী। তিনি বিভিন্ন ধরণের পণ্য ক্রয় করে গুদামে সংরক্ষণ করেন এবং উপযুক্ত সময়ে বিক্রি করে বেশ লাভবান হন। কিন্তু আগুণ লেগে অধিকাংশ পণ্য পুড়ে ক্ষতিগ্রস্ত হন। তিনি মনোবল না হারিয়ে স্থানীয় একটি প্রতিষ্ঠান থেকে ঋণ নিয়ে পুনরায় ব্যবসা শুরু করেন এবং সফলতা লাভ করেন।
ক. প্রজনন শিল্প কী?
খ. পণ্য সামগ্রীকে সুন্দর ও আকর্ষণীয় করার উপায় কী? ব্যাখ্যা কর।
গ. জনাব সাহিদের ব্যবসায় কোন ধরণের উপযোগ সৃষ্টি হয় ? বর্ণনা কর।
ক. উদ্যোক্তা হিসেবে জনাব সাহিদের মধ্যে যে সফল গুণাবলীর প্রকাশ ঘটেছে তা আলোচনা কর।

৪। জনাব মিঠু গম থেকে উন্নতমানের আটা এবং ময়দা প্রস্তুত করেন। তার পণ্যটি নতুন হওয়ায় আশানুরূপ বিক্রয় হয় না। তাই তিনি বিক্রয় বৃদ্ধির পরিকল্পনা করেন।
ক.ব্যবসায় কী?
খ.ব্যবসায়ের আইনগত পরিবেশ বলতে কী বোঝায়?
গ. মিঠুর প্রতিষ্ঠানটি কোন ধরনের শিল্প? ব্যাখ্যা কর।
ঘ.মিঠু তার বিক্রয় বৃদ্ধির পরিকল্পনা কীভাবে বাস্তবায়ন করতে পারবেন? আলোচনা কর।

৫। মাহি কাপড়ের ব্যবসায় করেন। ঢাকার ব্যস্ততম এলাকা গুলিস্থানে তার দোকান। ঈদ সামনে রেখে তিনি তার দোকানের জন্য নরসিংদী থেকে প্রায় পাঁচ লক্ষ টাকার কাপড় ক্রয় করে আনার সময় পথে কতিপয় দুর্বৃত্ত তার কাছে মোটা অঙ্কের চাঁদা দাবি করে। তিনি চাঁদা দিতে অপারগ হলে দুর্বৃত্তরা তার গাড়িতে আগুন ধরিয়ে দেয়।এতে তার ব্যাপক ক্ষতি হয়।

ক. ব্যবসায় পরিবেশ কী?
খ. ব্যবসায়ের ওপর প্রাকৃতিক পরিবেশের প্রভাব কীরূপ?
গ. মাহি কেন উক্ত এলাকায় ব্যবসায় শুরু করলেন?
ঘ. কোন পরিবেশের প্রভাবে তিনি ব্যাপক ব্যবসায়িক ক্ষতির সম্মুখীন হন? বিশ্লেষণ কর।

## অধ্যায়–দ্বিতীয়(ব্যবসায় উদ্যোগ ও উদ্যোক্তা)
## বহুনির্বাচনি অংশ:

১। ব্যবসায়িক সাফল্য অর্জনে উদ্যোক্তা কোন কাজটি ত্যাগ করেন?
ক. ব্যক্তিগত বিনোদন খ. অন্যের অনুকরণ
গ. ঝুঁকি গ্রহণ ঘ. প্রশিক্ষণ গ্রহণ
২। কোনটি সফল উদ্যোক্তার গুণ নয়?
ক. স্বাধীনচেতা খ. সাহসী
গ. আত্নবিশ্বাসী ঘ. পারিবারিক মর্যাদা
৩। ব্যবসায় থেকে প্রত্যাশিত মুনাফা অর্জনের অনিশ্চয়তাকেই ব্যবসায়ের কী বলে গণ্য করা হয়?
ক. কৃতিত্ব খ. সাহস
গ. উদ্যম ঘ. ঝুঁকি
৪। অর্থনৈতিক কর্মকান্ড ও লেনদেনকে ঘিরে কিসের উদ্ভব হয় ?
ক) বাণিজ্য খ) শিল্প গ) সেবা ঘ) ব্যবসায়

৫। বেকার সমস্যা কোন ধরনের সমস্যা?
ক) ব্যক্তিগত খ) পারিবারিক গ) প্রাতিষ্ঠানিক ঘ) জাতীয়

৬। বেকার যুবসমাজের আগ্রহ সৃষ্টি এবং সাহায্য সহযোগিতা প্রদানের মাধ্যমে কোনটি সম্ভব?
ক) চাকরির ক্ষেত্র বৃদ্ধি খ) সামাজিক অপরাধ হ্রাস
গ) বেকার সমস্যা সমাধান ঘ) শিল্প উন্নয়ন

৭। ব্যবসায় স্থাপন ও সুষ্ঠুভাবে পরিচালনা কী ধরনের কাজ?
ক. আনন্দদায়ক খ. ঝুঁকিপূর্ণ
গ. অধিক প্রতিযোগিতা ঘ. অলাভজনক
৮। ব্যবসায়ের সাফল্য লাভের অন্যতম পূর্বশর্ত হলো−
ক. ব্যবসায়ের স্থান নির্বাচন খ. পণ্যের চাহিদা নির্ধারণ
গ. সঠিক কর্মী নির্ধারণ ঘ. সঠিক পণ্য নির্বাচন
৯। মুনাফা অর্জন ব্যবসায় উদ্যোগের কোন ধরনের উদ্দেশ্য?
ক) সাধারণ খ) প্রধান গ) সহায়ক ঘ) গুরুত্বপূর্ণ
১০। নতুন ব্যবসায়ের উদ্যোগ গ্রহণের জন্য প্রয়োজন−
র. সঠিক পরিকল্পনা
রর. শিক্ষাগত যোগ্যতা
ররর. প্রশিক্ষণ
নিচের কোনটি সঠিক?
ক. র. ও রর. খ. র ও ররর
গ. রর ও ররর ঘ. র, রর ও ররর
১১। একজন উদ্যোক্তার গুণাবলি হলো-
র. সংবেদনশীলতা
রর. সৃজনশীলতা
ররর. উদ্যাম
নিচের কোনটি সঠিক?
ক. র. ও রর. খ. র ও ররর
গ. রর ও ররর ঘ. র, রর ও ররর

## সৃজনশীল প্রশ্নঃ

১।জনাব কামাল একটি স্কুলের পাশে ছোট্ট দোকানে লুঙ্গি বিক্রয়ের কাজে বড় ভাইকে সহায়তা করতেন। স্কুল ড্রেসের ব্যাপক চাহিদা মাথায় রেখে আরেকটি দোকান নিয়ে জনাব কামাল লুঙ্গির পাশাপাশি অন্যান্য কাপড়ও রাখেন । নিজের জমানো অর্থ ও কিছু টাকা ধার করে মূলধন গঠন করেন। শুরুতে তেমন সাড়া না পেয়ে হতাশ হলেও দিনরাত পরিশ্রম , ন্যায্য দাম আর সততার মাধ্যমে এক সময় ঘুরে দাঁড়ান।

ক. উদ্যোগ কাকে বলে?
খ. "উদ্যোক্তা জন্মগত ভাবেই উদ্যোক্তা" −ব্যাখ্যা কর।
গ. জনাব কামালের কর্মকাণ্ডকে কী বলা যায়? বর্ণনা কর।
ঘ. আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে জনাব কামালের ভূমিকা মূল্যায়ণ কর।

২।
করোনাকালীন লকডাউনে জনাব লালুর'মীরা ফ্যাশন হাইজ' বন্ধ থাকায় মূলধন আটকিয়ে যায়। এছাড়া দ্রব্যমূল্যের উচ্চমূল্যে তাকে ভাবিয়ে তুলেছে। তখন নিজ প্রচেষ্টায় মাস্ক, হ্যান্ড সেনিটাইজারসহ ইত্যাদি তৈরি করে স্বল্পমূল্যে বিক্রয় করেন। এছাড়া কোমল পানীয় এর বোতল দ্বারা জীবাণুনাশক স্প্রে তৈরি করেন । এসব পণ্যের ব্যাপক চাহিদা থাকায় বিক্রয় বৃদ্ধির সাথে প্রচুর মুনাফাও অর্জন করেন।

ক. উদ্যোক্তা বলতে কী বুঝ?
খ.উদ্যোগ ও ব্যবসায় উদ্যোগের মধ্যে পার্থক্য কী?
গ. করোনাকালীন জনাব লালুর ব্যবসায়ে প্রথম পর্যায়ে যে পরিবেশের প্রভাব পরিলক্ষিত হয় তার বর্ণনা কর।
ঘ.উদ্দীপকের জনাব লালুকে ব্যবসায় উদ্যোক্তার গুণাবলীর আলোকে মূল্যায়ন কর।

৩। জনাব আমিনুল ইসলাম পড়ালেখা শেষ করার পর একটি কম্পিউটার দোকানে কাজ নেন। ৮ বছর কাজ করার পর তিনি একটি সার্ভিসিং দোকান দেন। বর্তমানে তিনি ঢাকায় দুইটি কম্পিউটার দোকানের মালিক ।এতে শুধু নিজেই উপকৃত হচ্ছেন না ; বরং দেশের অর্থনীতিতেও অবদান রাখছেন।

ক. ব্যবসায় উদ্যোগের প্রধান উদ্দেশ্য কী?
খ. ব্যবসায় কীভাবে জীবনযাত্রার মান উন্নত করে? ব্যাখ্যা কর।
গ.জনাব আমিনুলের মধ্যে উদ্যোক্তার কোন গুণটি ফুটে উঠেছে? বর্ণনা কর।
ঘ.জাতীয় অর্থনীতিতে জনাব আমিনুল কীভাবে অবদান রাখছেন? মূল্যায়ন কর।

## অধ্যায়−তৃতীয়(আত্মকর্মসংস্থান)
### বহুনির্বাচনি অংশ:

১। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর প্রতিবেদন ২০১০- এর মতে, দেশের মোট জনশক্তির কত অংশ যুবত-যুবতী ?
ক.এক-তৃতীয়াংশ খ. এক-চতুর্থাংশ
গ. এক-পঞ্চমাংশ ঘ.দুই-তৃতীয়াংশ
নিচের উদ্দীপকটি পড়ে ২ও ৩ প্রশ্নের উত্তর দাও:
সফিক পড়াশোনা শেষ করে বাড়িতে মুরগির খামার স্থাপন করেন। সে বাচ্চা মুরগি কিনে এনে তা বড় করে বাজারে সরবরাহ করে।

২। সফিকের কাজটি কোন ধরনের?
ক. বাণিজ্য খ. শিল্প
গ. আত্নকর্মসংস্থান ঘ. প্রক্রিয়াজাত

৩। সফিকের মুরগি পালনের কারণ−
র. পৈত্রিক ব্যবসা
রর. মুনাফা উপার্জন
ররর. আত্নকর্মসংস্থানের সুযোগ

নিচের কোনটি সঠিক?
ক. র. ও রর. খ. র ও ররর
গ. রর ও ররর ঘ. র, রর ও ররর
৪। নিচের কোনটি আত্নকর্মসংস্থানের উপযুক্ত ক্ষেত্র?
ক) বস্ত্র শিল্প খ)সার শিল্প গ) সিমেন্টশিল্প ঘ)মাদুর তৈরি শিল্প

৫। কোন কর্মক্ষেত্র থেকে আয় বৃদ্ধির সম্ভাবনা অসীম?
ক) চাকরি খ) আত্নকর্মসংস্থান গ) শিক্ষা ঘ) ঝুঁকি

৬। প্রশিক্ষণ প্রদানের ফলে-
র. সম্পদের সদ্ব্যবহার সম্ভব হয়

রর. অপচয় বৃদ্ধি পায়
ররর. আত্মকর্মসংস্থানের সুযোগ বাড়ে
নিচের কোনটি সঠিক?
ক. র. ও রর. খ. র ও ররর
গ. রর ও ররর ঘ. র, রর ও ররর

৭। একজন উদ্যোক্তার গুণাবলি হলো-
র. সংবেদনশীলতা
রর. সৃজনশীলতা
ররর. উদ্যাম
নিচের কোনটি সঠিক?
ক. র. ও রর. খ. র ও ররর
গ. রর ও ররর ঘ. র, রর ও ররর

৮। বেকার যুবসমাজের আগ্রহ সৃষ্টি এবং সাহায্য সহযোগিতা প্রদানের মাধ্যমে কোনটি সম্ভব?
ক) চাকরির ক্ষেত্র বৃদ্ধি খ) সামাজিক অপরাধ হ্রাস
গ) বেকার সমস্যা সমাধান ঘ) শিল্প উন্নয়ন

৯। কর্মসংস্থানকে প্রধানত কত ভাগে ভাগ করা যায়?
ক)দুই খ)তিন গ)চার ঘ)পাঁচ

১০। বাংলাদেশ ব্যবস্থাপনা ইনস্টিটিউট নিচের কোন মন্ত্রণালয়ের অধীনে ?
ক. বাণিজ্য খ. শিক্ষা
গ. শিল্প ঘ. যুব ও ক্রীড়া

১১।'বাংলাদেশের অর্থনৈতিক সমীক্ষা-২০১০'অনুযায়ী মোট জাতীয় উৎপাদনে শিল্প খাতের অবদান শতকরা কত ভাগ?
ক)১৫ ভাগ খ) ২০ ভাগ ঘ)৩০ ভাগ ঘ) ৩৫ ভাগ

১২।'বাংলাদেশের অর্থনৈতিক সমীক্ষা-২০১০'অনুযায়ী মোট জাতীয় উৎপাদনে কৃষি খাতের অবদান শতকরা কত ভাগ?
ক)১৫ ভাগ খ) ২০ ভাগ ঘ)৩০ ভাগ ঘ) ৩৫ ভাগ

১৩।'বাংলাদেশের অর্থনৈতিক সমীক্ষা-২০১০'অনুযায়ী মোট জাতীয় উৎপাদনে সেবা খাতের অবদান শতকরা কত ভাগ?
ক)৪০ ভাগ খ) ৪৫ ভাগ ঘ)৫০ ভাগ ঘ) ৫৫ ভাগ

১৪। বেকার যুবসমাজের আগ্রহ সৃষ্টি এবং সাহায্য সহযোগিতা প্রদানের মাধ্যমে কোনটি সম্ভব?
ক) চাকরির ক্ষেত্র বৃদ্ধি খ) সামাজিক অপরাধ হ্রাস
গ) বেকার সমস্যা সমাধান ঘ) শিল্প উন্নয়ন

## সৃজনশীল প্রশ্নঃ

১। মি. তানভীর নট্রামস থেকে প্রশিক্ষণ গ্রহণ করেছেন। বর্তমান সময়ে অনলাইনের গুরুত্ব অনুধাবণ করে একটি অনলাইন প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের পরিকল্পনা করেছেন। এ কারণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিভিন্ন প্রতিষ্ঠানের সঙ্গে যোগাযোগ করে সফলতা অর্জন করে।
ক. অংশীদারি ব্যবসায় কাকে বলে?
খ. আত্মকর্মসংস্হানের ৪টি উপযোগী ক্ষেত্রের নাম লেখ।
গ. মি. তানভীরের কার্যক্রমটি কোন ধরণের ? বর্ণনা কর।
ঘ. মি. তানভীরের ব্যবসায়ে সাফল্য অর্জনে প্রশিক্ষণ কীভাবে ভূমিকা পালন করে?

২। জনাব হাবিব যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রশিক্ষণ ও বাবার নিকট হতে অর্থ নিয়ে পোল্ট্রি খামার স্থাপন করেন। পর্যায়ক্রমে তার খামারে সাফল্য অর্জিত হয়। তাকে দেখে অনেক বেকার যুবক খামার স্থাপনে আগ্রহী হন এবং জনাব হাবিব তাদের বিভিন্ন বিষয়ে পরামর্শ প্রদান করেন।
ক. আত্মকর্মসংস্থান কাকে বলে?
খ. প্রশিক্ষণ প্রয়োজন কেন? ব্যাখ্যা কর।
গ. জনাব হাবিবের কাজটির ধরণটি ব্যাখ্যা কর।
ঘ. উদ্দীপকের আলোকে কর্মসংস্থান সৃষ্টিতে জনাব হাবিবের ভূমিকা মূল্যায়ন কর।

৩। জনাব ইমতিয়াজ সামান্য পুঁজি নিয়ে নিজ গ্রামে মুরগির খামার গড়ে তোলেন। পাশাপাশি একটি সবজির বাগান করে সেখান থেকেও কিছু আয়ের ব্যবস্থা করেন। তিনি বর্তমান চাকরি সংকটে চাকরির জন্য বসে না থেকে নিজেই নিজের কর্মসংস্থান গড়ে তুলে বেকারত্বের হাত থেকে মুক্ত পেয়েছেন।
ক. জাতীয় অর্থনীতিতে সেবা খাতের অবদান শতকরা কত ভাগ?
খ. চাকরির বিকল্প হিসেবে আত্মকর্মসংস্থানের জনপ্রিয়তা অর্জনের কারণ বর্ণনা কর।
গ. জনাব ইমতিয়াজের মুরগির খামার ও সবজি চাষ কী ধরনের কাজ? বর্ণনা কর।
ঘ. জনাব ইমতিয়াজের আত্মকর্মসংস্থানকে পেশা হিসেবে নেওয়ার সিদ্ধান্ত কী সঠিক ছিল? আলোচনা করো।

৪। চাঁদপুরের জেলা প্রশাসক কিছু সংখ্যক বেকার যুবকদের নিয়ে একটি সেমিনারের আয়োজন করেন। সেমিনারে তিনি আত্মকর্মসংস্থানমূলক কাজের ওপর আলোচনা করেন। তিনি চাকুরির বিকল্প পেশা হিসেবে আত্মকর্মসংস্থানের গুরুত্ব ব্যাখ্যা করেন এবং এই পেশায় নিয়োজিত হতে সবাইকে উৎসাহ প্রদান করেন।
ক.কর্মসংস্থান কী?
খ.আত্মকর্মসংস্থানমূলক পেশা লাভজনক ও সম্মানজনক কেন?
গ.জেলা প্রশাসক কোন কারণে বেকার যুবকদের আত্মকর্মসংস্থানে উৎসাহ দেন? বর্ণনা কর।
ঘ.জেলা প্রশাসকের পরামর্শটি বেকার যুবকদের গ্রহণ করা উচিত কি না? আলোচনা কর।

৫।জনাব সাকিব পুকুরে মাছ চাষ করেন। নিজে ব্যবহারের পর উদ্বৃত্ত মাছ তিনি প্রতিবেশী ও আত্মীয়-স্বজনদের দেন। অন্যদিকে জনাব তৌকির তার দেখাদেখি পুকুরে আধুনিক পদ্ধিতে মাছ চাষ করে তা বাজারে বিক্রি করে প্রচুর মুনাফা অর্জন করেন । তার সাথে কয়েক জন কর্মীও কাজ করেন।
ক. নিষ্কাশন শিল্প কাকে বলে?
খ. জনাব সাকিবের কাজটি কী ধরনের ? বর্ণনা কর।
গ. জনাব তৌকিরের মত অন্যেরা আর কোন কোন ক্ষেত্রে এ ধরনের ব্যবসায় গড়ে তুলতে পারে? বর্ননা কর।
ঘ. জনাব তৌকিরের কাজটি কীভাবে বাংলাদেশের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে অধিকতর গুরুত্বপূর্ণ? বিশ্লেষণ কর

## অধ্যায়–চতুর্থ(মালিকানার ভিত্তিতে ব্যবসায়)

### বহুনির্বাচনি অংশ:

১.অংশীদারি ব্যাংকিং ব্যবসায়ের ক্ষেত্রে সর্বোচ্চ অংশীদার কত জন?
ক. ১০ জন খ. ১৫ জন
গ. ২০ জন ঘ. ৫০ জন

২.বাংলাদেশে কোম্পানি গঠিত, পরিচালিত ও নিয়ন্ত্রিত হয় কত সালের আইন দ্বারা?
ক. ১৯১৩ খ. ১৯৩৬
গ. ১৯৯৪ ঘ. ১৯৮৪

৩.'স্বাবলম্বনই সর্বশ্রেষ্ঠ অবলম্বন'-এটি কিসের মূলমন্ত্র?
ক. সমবায়ের খ. সংগঠনের
গ. ব্যবসায়ের ঘ. সামাজিক শৃঙ্খলার

৪.অসীম দায়সম্পন্ন ব্যবসায় হলো-
র. একমালিকানা
রর. অংশীদারি

ররর. কোম্পানি

নিচের কোনটি সঠিক?

ক. র. ও ররর. খ. র ও রররর

গ. রর ও ররর ঘ. র, রর ও ররর

৫. কোম্পানির গঠন তন্ত্রকে কী বলে?

ক. প্রসপেক্টাস খ. সংঘবিধি

গ. সংঘস্মারক ঘ. নিবন্ধন পত্র

৬। রাষ্ট্রীয় গঠনের মূখ্য উদ্দেশ্য কী?

ক. জনকল্যাণ সাধন খ. দেশ রক্ষা

গ. অর্থনৈতিক ভারসাম্য রক্ষা ঘ. কর্মসংস্থান করা

৭। আইনের চোখে একমালিকানা ব্যবসায় ও মালিক কিসের অধিকারী?

ক. পৃথক সত্তার খ. এক ও অভিন্ন সত্তার

গ. ক্ষেত্র বিশেষ একক সত্তার ঘ. দ্বৈত সত্তার

৮। প্রাইভেট লিমিটেড কোম্পানি পরিচালনার জন্য কমপক্ষে কতজন পরিচালক থাকবে?

ক. ৫ জন খ. ৭ জন

গ. ৩ জন ঘ. ২ জন

৯। অংশীদারি ব্যবসায়ের ভিক্তি কোনটি ?

ক. চুক্তি খ. স্মারকলিপি

গ. ট্রেড লাইসেন্স ঘ. নিবন্ধন

১০। সর্বপ্রথম কোম্পানি আইন পাস হয় কত সালে ?

ক. ১৮৩৪ সালে খ. ১৮৪৪ সালে

গ. ১৯৩৪ সালে ঘ. ১৯৫৪ সালে

১১। পাবলিক লিমিটেড কোম্পানি পরিচালনার জন্য কমপক্ষে কতজন পরিচালক থাকবে?

ক. ৫ জন খ. ৭ জন

গ. ৩ জন ঘ. ২ জন

১২। অংশীদারি ব্যবসায়ের ক্ষেত্রে সর্বোচ্চ অংশীদার কত জন?

ক. ১০ জন খ. ১৫ জন

গ. ২০ জন ঘ. ৫০ জন

১৩।সবচেয়ে প্রাচীনতম ব্যবসায় সংগঠন কোনটি?

ক) এক মালিকানা ব্যবসায় খ)অংশীদারি ব্যবসায়

গ) সমবায় সমিতি ঘ)রাষ্ট্রীয় ব্যবসায়

১৪। অংশীদারি ব্যাসায়ের বিলোপসাধনের কারণ কয়টি?

ক.২ খ. ৩ গ.৪ ঘ. ৫

১৫। একমালিকানা কারবারের আয়তন কিরূপ?

ক) বৃহৎ খ) মাঝারি গ) ক্ষুদ্র ঘ) অতিবৃহৎ

১৬। পৌরসভা এলাকায় হস্তশিল্পের দোকান স্থাপনের জন্য কোনটি প্রয়োজন হবে?

ক) লবিং খ) রাজনৈতিক পরিচয়

গ) ট্রেড লাইসেন্স ঘ) অধিক পুঁজি

১৭। মিলি ও লিলি একসাথে ব্যবসায় করতে চান। তাদের জন্য উপযোগী ব্যবসায় কোনটি হবে?

ক) একমালিকানা খ) অংশীদারি গ) সমবায় ঘ) কোম্পানি

১৮। কাম্পানি ব্যবসায় কোন বৈশিষ্ট্যের কারণে নিজ নামে অপর প্রতিষ্ঠান কিংবা ব্যক্তির সাথে লেনদেন, চুক্তি ও মামলা করতে পারে?

ক) আইনসৃষ্ট প্রতিষ্ঠান খ) কৃত্রিম ব্যক্তিসত্তা

গ) চিরন্তন অস্তিত্ব ঘ) সীমাবদ্ধ দায়

নিচের উদ্দীপকটি পড়ে ১৯ প্রশ্নের উত্তর দাওঃ

কুমিল্লার চকবাজার এলাকায় একটি সমবায় সমিতি রয়েছে। ১০০০ টাকার ট্রেজারি চালান জমা দিয়ে সমিতি নিবন্ধকের কার্যালয় হতে নিবন্ধিহয়েছিল।

১৯। উদ্দীপকের সমিতি কী ধরনের?

ক)জাতীয় খ)কেন্দ্রীয় গ)প্রাথমিক ঘ)আন্তর্জাতিক

২০। কোম্পানি মূলধনের ক্ষুদ্রতম অংশকে কী বলে?

ক) ঋণপত্র খ) শেয়ার গ) বন্ড ঘ)প্রাইজবন্ড

## সৃজনশীল প্রশ্নঃ

১। বগুড়ায় ২৫ জন কৃষক নিজেদের আর্থিক উন্নয়ন, কল্যাণ, সমঅধিকার এবং পণ্যের ন্যায্য মূল্য পাওয়ার জন্য একটি “সোনালী কৃষি সমিতি’ গঠন করেন। এই সমিতি সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে ভোটের মাধ্যমে ৬ সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। এই সংগঠন গড়ে তোলার ফলে সদস্যদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন সাধিত হয়।

ক. রাষ্ট্রীয় ব্যবসায় কাকে বলে?

খ. “স্মারকলিপি কোম্পানির মূল দলিল”-ব্যাখ্যা কর।

গ. উক্ত সংগঠনের বৈশিষ্ট্য সমূহ আলোচনাকর।

ঘ. আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে উদ্দীপকের সংগঠনটির ভূমিকা মূল্যায়ন কর।

২। জনাব শাকিল তার কয়েকজন বন্ধু মিলে এমন একটি প্রতিষ্ঠান স্থাপন করেছেন যার শেয়ার অবাধে হস্তান্তরযোগ্য নয়। ব্যবসায়ের দেনা পরিশোধের জন্য ব্যক্তিগত সম্পদ দায়বদ্ধ থাকে না। পরবর্তীতে তারা ন্যূনতম তিনজন পরিচালক থাকতে হয় এমন একটি নতুন ব্যবসায় সংগঠন প্রতিষ্ঠা করে শেয়ার বিক্রয়ের মাধ্যমে প্রয়োজনীয় মূলধন সংগ্রহ করেন।

ক অংশীদারি ব্যবসায়ের সদস্য সংস্যা কত?

খ. জনকল্যাণ কোন ব্যবসায়ের প্রধান উদ্দেশ্য? ব্যাখ্যা কর।

গ. জনাব শাকিল ও তার বন্ধুদের গড়া প্রথম প্রতিষ্ঠানটি কোন ধরণের?ব্যাখ্যা কর।

খ. জনাব শাকিল ও তার বন্ধুদের গড়া প্রথম ব্যবসায় সংগঠন ও নতুন ব্যবসায় সংগঠনের মধ্যে পার্থক্য নিরুপণ কর।

৩। জনাব করিম একজন ব্যবসায়ী। তিনি স্থানীয় চাহিদা মাফিক পণ্য-দ্রব্য ভোক্তাদের মাঝে বিক্রয় করেন। ব্যবসায় পরিচালনা থেকে শুরু করে সকল কাজ একাই দেখাশোনা করেন। পরবর্তীতে ব্যবসায় সম্প্রসারণের ফলে তিনি দুইজন কর্মচারী নিয়োগ দেন।

ক. এক মালিকানা ব্যবসায় কাকে বলে?

খ. মালিকানার ভিত্তিতে ব্যবসায় সংগঠনের প্রকারভেদ আলোচনা কর।

গ. জনাব করিমের ব্যবসায় কোন ধরনের ব্যবসায় সংগঠন? এ সংগঠনের ৩টি বৈশিষ্ট্য লেখ।

ঘ. . জনাব করিমের ব্যবসায়ের উপযুক্ত ক্ষেত্র সমূহ তুলে ধর।

৪। রহিম ও করিম একত্রিত হয়ে একটি ব্যবসায় প্রতিষ্ঠান পরিচালনা করেন। কয়েক বছর পর তাদের মধ্যে বিরোধ দেখা দিলে পূর্বের লিখিত দলিলের মাধ্যমে নিষ্পত্তি ঘটে।

ক.চুক্তিপত্র কাকে বলে ?

খ.রহিম ও করিমের ব্যবসায়টি কোন ধরনের?

গ.তাদের ব্যবসায়ের বৈশিষ্ট্য সমূহ আলোচনা কর।

ঘ. তাদের লিখিত দলিলে কী কী বিষয় অন্তর্ভুক্ত থাকে তা আলোচনা কর।

৫। নাটোরের ফাহিম ঢাকায় আসেন চাকরীর সন্ধানে। কিন্তু চাকরি না পেয়ে আত্নীয়ের নিকট থেকে ২০ হাজার টাকা ধার নিয়ে একটি সবজির দোকান দিলেন। তার উত্তম সেবার কারণে ব্যবসায়ের গ্রাহক কয়েকগুন বৃদ্ধি পেল। ব্যবসায়ের আয় দিয়ে তিনি এখন মুদি দোকান প্রতিষ্ঠার কথা ভাবছেন।

ক. একমালিকানা ব্যবসায় কী ?

খ. পচনশীল পণ্যের ব্যবসায়ে একমালিকানা ব্যবসায় প্রয়োজন কেন?

ব্যাখ্যা করো।
গ. ফাহিমের ব্যবসায়ের বৈশিষ্ট্য ব্যাখ্যা করো।
ঘ. সবজি ব্যবসায়ে ফাহিমের সফলতার মূল কারণগুলো বিশ্লেষণ করো।

৬। রনি, জনি ও তাদের আরও ৫ বন্ধু মিলে সমঝোতার ভিত্তিতে একটি কম্পিউটার ব্যবসায় শুরু করলেন। সুমি কম্পিউটার বিষয়ক জ্ঞানে পারদর্শী। সে কারণে এ ব্যবসায়ে তাকে অন্তর্ভুক্ত করা হয়। কিন্তু সুমি কোনো মূলধন সরবরাহ করেনি। হঠাৎ রনি পাগল হয়ে গেলে তাদের ব্যবসায়টি জটিলতার সম্মুখীন হয়।
ক. ঘুমন্ত অংশীদার কাকে বলে?
খ. নাবালক কি অংশীদার হতে পারে? ব্যাখ্যা করো।
গ. উদ্দীপকের সুমি কোন ধরনের অংশীদার? ব্যাখ্যা করো।
ঘ. রনি পাগল হওয়ায় ব্যবসায়টির কীরূপ বিলোপসাধন ঘটবে? আলোচনা করো।

৭। তানজিল টেক্সটাইল মিলের গেটে প্রতিষ্ঠানের শ্রমিকরা নিজেদের অর্থে একটা বিপণি বিতান গড়ে তুলেছে। এখানে তারাই মালিক তারাই ক্রেতা। নিজেদের মধ্য থেকে নির্বাচিত ব্যবস্থাপনা কমিটি প্রতিষ্ঠানটি পরিচালনা করে। প্রতি তিন বছর পরপর এ কমিটির নির্বাচন হয়। শেয়ার মূলধন যার যাই থাকুক না কেন সবাই সমানভাবে অংশগ্রহণ করে। তারা সবাই এ প্রতিষ্ঠানের কারণে নানাভাবে উপকৃত হচ্ছে।
ক. সরকার কর্তৃক গঠিত, পরিচালিত ও নিয়ন্ত্রিত ব্যবসায়ের নাম কী?
খ. একমালিকানা ব্যবসায় কীভাবে সম্পদের সুষম বণ্টন নিশ্চিত করে?

গ. সমবায় সমিতির কোন নীতির কারণে শ্রমিকরা নির্বাচনে সমানভাবে অংশগ্রহণ করে? ব্যাখ্যা কর।
ঘ. সমবায় সমিতি গঠন করে শ্রমিকরা কীভাবে উপকৃত হয় ? আলোচনা

৮। উপমা, উর্মিলা ও উৎস তিন ভাই বোন মিলে মুনাফা অর্জনের জন্য সীমিত দায় বিশিষ্ট একটি প্রতিষ্ঠান গঠন করেন। তারা এটিকে যথাযথ কর্তৃপক্ষের কার্যালয়ে নিবন্ধিত করেন। এ ধরনের সংগঠনের নানা রকম সুবিধার কথা বিবেচনা করেই তারা এটি গঠন করেছেন। এ ব্যবসায় শুরু করার কয়েক মাসের মধ্যেই তাদের ব্যবসায়ের সুনাম ছড়িয়ে পড়ে।
ক. যৌথ মূলধনী ব্যবসায় কী ?
খ. কোম্পানির কৃত্রিম ব্যক্তিস্বত্তা বলতে কী বুঝায়? ব্যাখ্যা করো।
গ. উদ্দীপকে উল্লিখিত ব্যবসায়টি কোন ধরণের সংগঠন? ব্যাখ্যা করো।
ঘ. উপমা, উর্মিলা ও উৎসের এরুপ ব্যবসায় সংগঠনের যোক্তিকতা আলোচনা করো।

## অধ্যায়–পঞ্চম(ব্যবসায়ের আইনগত দিক)

### বহুনির্বাচনি অংশ:

১। ট্রেডমার্ক রেজিস্ট্রেশন দেওয়া হয় কত বছরের জন্য?
ক. ৭ খ. ১০ গ. ১২ ঘ. ১৫

নিচের উদ্দীপকটি পড়ে ২ ও ৩ প্রশ্নের উত্তর দাও:
রুমি রহমান তার আঁকা ছবির জন্য সরকারের কাছ থেকে আইনগত স্বত্বের অধিকারী হন। ফলে তার ছবির অনুলিপি অন্য কেউ করতে পারবে না।

২। রুমি রহমানের চুক্তিটি কোন ধরনের?
ক. কপিরাইট খ. অংশীদারি
গ. ট্রেডমার্ক ঘ. পেটেন্ট

৩। উক্ত চুক্তির ফলে রুমি রহমানের–
র. সাফল্য আনয়নে সহায়তা করবে
রর. সৃষ্ট মেধাসম্পদের একচ্ছত্র অধিকারী হবেন
ররর. অন্যের দ্বারা ক্ষতিগ্রস্ত হলে প্রতিকার পাবেন
নিচের কোনটি সঠিক?
ক. র. ও রর. খ. র ও ররর
গ. রর ও ররর ঘ. র, রর ও ররর

৪। কপিরাইট কী?
ক) বুদ্ধিবৃত্তিক সম্পদ খ) খনিজ সম্পদ
গ) ভাসমান সম্পদ ঘ) গৃহসম্পদ

৫। বর্তমানে কোন পদ্ধতিতে ব্যবসায় স্থাপন ও পরিচালনা জনপ্রিয় হয়ে উঠছে?
ক) মুনসাইজিং খ) ফ্রানসাইজিং
গ) সানসাইজিং ঘ) কোম্পানি

৬। আধুনিক ব্যবস্থাপনার জনক কে?
ক. এফ ডব্লিউ টেলর খ. হেনরি ফেওল
গ. এল এ এলেন ঘ. রবার্ট স্মীথ

৭। চুক্তি অনুযায়ী বীমাগ্রহীতা বীমাকারীকে কী প্রদান করে?
ক. মুনাফা খ. প্রিমিয়াম গ. সুদ ঘ. লভ্যাংশ

৮। ফ্রানসাইজিং ব্যবসায়ের প্রধান বৈশিষ্ট্য হলো-
ক. উৎপাদন খ. বাজারজাতকরণ
গ. মুনাফা অর্জন ঘ. চুক্তি

৯। কী কী কারণে ফ্রানসাইজিং ব্যবসায়ের চুক্তির ধারাগুলো ভিন্ন হয়-
i. পুঁজির পরিমাণ
ii. প্রশিক্ষণ ও ব্যবস্থাপনা
ররর. ফ্রানসাইজ এলাকা

নিচের কোনটি সঠিক?
ক. র. ও রর. খ. র ও ররর
গ. রর ও ররর ঘ. র, রর ও ররর

১০। ব্যবস্থাপনা হলো-
র. কতকগুলো ধারাবাহিক কাজের প্রক্রিয়া
রর. একটি চলমান প্রক্রিয়া
ররর. একটি দলগত প্রক্রিয়া

নিচের কোনটি সঠিক?
ক. র. ও রর. খ. র ও ররর
গ. রর ও ররর ঘ. র, রর ও ররর

নিচের উদ্দীপকটি পড়ে ১১ও ১২ প্রশ্নের উত্তর দাও:
আরমান একজন গার্মেন্টস ব্যবসায়ী। তাকে নিজস্ব গুদামে প্রচুর পণ্য মজুদ রাখতে হয়।আর পণ্যের নিরাপত্তার কথা ভেবে তিনি বিমা করলেন।

১১। বিমা কোন ধরনের প্রতিবদ্ধকতা দূর করে?
ক. অর্থসংক্রান্ত খ. সময়গত
গ. ঝুঁকিগত ঘ. স্বাস্থ্যসংক্রান্ত

১২। মি. আরমানের ব্যবসায়ের জন্য কোন বিমা প্রযোজ্য?
ক. জীবনবিমা খ. নৌ বিমা গ.শস্য বিমা ঘ.অগ্নি বিমা

### সৃজনশীল প্রশ্নঃ

১। মি. তারেক সড়ক দুর্ঘটনায় মৃত্যুবরণ করেন। স্বামীর মৃত্যুর পর তার স্ত্রী-সন্তানদের নিয়ে বিপাকে পড়েন। পরবর্তীতে তিনি জানতে পারেনস্ত্রী-সন্তানদের ভবিষ্যতের কথা চিন্তা করে এক বছর আগে একটি বিমা চুক্তি করেছিলেন।
ক.বিমা কী?
খ.নৌ বিমা করার কারণ ব্যাখ্যা কর।
গ. মি. তারেক কোন ধরনের বিমা করেছিলেন? ব্যাখ্যা কর।
ঘ. মি. তারেকের স্ত্রীর মতো অসহায় মানুষের জন্য বিমা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে-আলোচনা কর।

২। মি. আসলাম ঢাকার একজন হোটেল ব্যবসায়ী। বর্তমানে তিনি আমেরিকার একটি প্রতিষ্ঠানের সঙ্গে চুক্তিতে আবদ্ধ হয়েছেন।শর্ত অনুযায়ী তিনি ঐ প্রতিষ্ঠানের পণ্য উৎপাদন ও বিক্রয় করবেন। অন্য প্রতিষ্ঠানের তৈরি পণ্য ক্রয়-বিক্রয় করতে পারবেন না। সুনামের সাথেই ব্যবসায়টি চলছিল কিন্তু হঠাৎ আগুন লেগে প্রতিষ্ঠানটি ব্যাপক ক্ষতির সম্মুখীন হয়।

ক. ট্রেডমার্ক কী?

খ. লাইসেন্স বলতে কী বোঝায়?

গ. উদ্দীপকের আলোকে ব্যবসায়ের ধরন ব্যাখ্যা কর।

ঘ. মি. আসলাম কীভাবে বিমাচুক্তির মাধ্যমে ব্যবসায়ে সংঘটিত ক্ষতির হাত থেকে রক্ষা পেতে পারেন? বিশ্লেষণ কর।

৩। পাবলিক বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক সিরাজুল ইসলাম সমাজকর্মের উপর একটি গবেষণামূলক বই প্রকাশ করেন। বইটি বিভিন্ন মহলে সমাদৃত হলেও পরবর্তী পর্যায়ে বাজারে বিক্রি আশানুরূপ না হওয়ায় তিনি খোঁজ নিয়ে জেনেছেন যে, বইটির নকল কপি প্রকৃত দামের থেকে অনেক কমদামে বাজারে বিক্রি হচ্ছে।

ক. কোন পণ্যকে অন্য পন্য হতে স্বতন্ত্র করার রক্ষ্যে ব্যবহৃত প্রতীককে কী বলে?

খ. সম আয়-ব্যয় বিশ্লেষণ ব্যাখ্যা কর।

গ. অধ্যাপক সিরাজুল ইসলামের সৃষ্ট কাজটি কীসের অন্তর্গত? বর্ণনা কর।

ঘ. নকল প্রতিরোধে অধ্যাপক সিরাজুল ইসলামের কোন পদক্ষেপ গ্রহণ করা উচিৎ বলে তুমি মনে কর।

৪। জাপানে ম্যাটসুসিটা কোম্পানি তাদের ট্রেডমার্ক নিজেদের নামে রেজিস্ট্রেশন করে। জাপানি সুপ্রিম কোর্টের সাথে একটি দীর্ঘমেয়াদি ও ব্যয়বহুল আইনগত প্রক্রিয়ার পর কোম্পানি এই ট্রেডমার্কের ওপর তাদের আইনগত অধিকার প্রতিষ্ঠা করে।

ক. পণ্যের মান নির্ধারণে সার্টিফিকেট প্রদান করে কে?

খ. ট্রেডমার্ক রেজিস্ট্রেশনের সময়সীমা উলেখ কর।

গ. ট্রেডমার্ক রেজিস্ট্রেশনের প্রয়োজনীয়তা উদ্দীপকের আলোকে বর্ণনা কর।

ঘ. ট্রেডমার্ক রেজিস্ট্রেশনের সুবিধা উদ্দীপকের আলোকে বিশেষণ কর।

৫। তিথীর বাবা তার নিজের জন্য ও তিথীর মায়ের জন্য দুটি মোবাইলের সিম ক্রয় করে আনলেন। তিথী দুটি সিমের প্যাকেটে আলাদা ছবি বা চিহ্ন দেখে তার বাবা কে প্রশ্ন করলেন দুইটি সিমের আলাদা ছবি বা চিহ্ন কেন? বাবা তিথীকে যা বুঝালেন তাতে তিথী বুঝতে পারলেন যে মোবাইলের সিম দুটি অলাদা আলাদা কোম্পানির।

ক.কোম্পানি সংগঠনের গঠন পর্যায় কয়টি?

খ.ফ্রানসাইজিং ব্যবসায়ের সুবিধা কী কী?

গ.উদ্দিপকে সিম দুঠিকে পৃথক করার জন্য ব্যবহৃত চিহ্নকে কী বলে? ব্যাখ্যা কর।

ঘ.প্রতিঠি পণ্যের ক্ষেত্রে এ ধরনের চিহ্ন ব্যবহারের সুবিধা কী কী?

## অধ্যায়–ষষ্ঠ(ব্যবসায় পরিকল্পনা)
## বহুনির্বাচনি অংশ:

১। কোনটি পরিকল্পনা?
ক)সিদ্ধান্ত গ্রহণ খ) সুনির্দিষ্ট দিকনির্দেশনা
গ) ধারণা ঘ) মূল্যায়ন

২। প্রাক্কলিত নগদ প্রবাহ বিবরণী সংরক্ষণ করা যায়–

i. দৈনিক ভিত্তিতে
ii. সাপ্তাহিক ভিত্তিতে
ররর. মাসিক ভিত্তিতে

নিচের কোনটি সঠিক?
ক. র. ও রর. খ. র ও ররর
গ. রর ও ররর ঘ. র, রর ও ররর

৩। যেকোন কাজের মূল ভিত্তি কোনটি?
ক) বিদ্যা খ) পরিশ্রম গ) জ্ঞান ঘ) পরিকল্পনা

৪। ব্যবসায়ের সাফল্য অনেকাংশে নির্ভর করে–
ক) পণ্য ক্রয়ের উপর খ) পণ্য বিক্রয়ের উপর
গ) সততার উপর ঘ)সঠিক প্রকল্প নির্বাচনের উপর

৫। প্রকল্প হচ্ছে–
i. সুচিন্তিত কর্ম পদ্ধতি
ii. পরিকল্পিত কর্ম পদ্ধতি
ররর. স্থায়ী কর্ম পদ্ধতি

নিচের কোনটি সঠিক?
ক. র. ও রর. খ. র ও ররর
গ. রর ও ররর ঘ. র, রর ও ররর

৬। নতুন প্রকল্প ধারণার উৎস সমূহহলো–
i. গবেষণামূলক প্রতিবেদন
ii. সরকারি ও বেসরকারি প্রকাশনা
ররর. নিজের কল্পনা

নিচের কোনটি সঠিক?
ক. র. ও রর. খ. র ও ররর
গ. রর ও ররর ঘ. র, রর ও ররর

নিচের উদ্দীপকটি পড়ে ৭ ও ৮ প্রশ্নের উত্তর দাও:
জনাব গাজী বেলাল সঠিকভাবে একটি প্রকল্প নির্বাচন করতে চান। এ জন্য তিনি ব্যবসায় প্রকল্প নির্বাচনের একটি ধাপ অতি সমাধানতা ও গুরুত্বের সাথে বিশ্লেষন করেছেন।

৭.জনাব গাজী বেলালকে নির্বাচিত প্রকল্পটি বিশ্লেষণ করতে হয়-
i. মনোযোগের সাথে
ii. সমাধানতার সাথে
ররর. গুরুত্বের সাথে

নিচের কোনটি সঠিক?
ক. র. ও রর. খ. র ও ররর
গ. রর ও ররর ঘ. র, রর ও ররর

৮.জনাব গাজী বেলালকে নির্বাচিত প্রকল্পটি?
ক. মুনাফা খ.মূলধন
গ.চাহিদা ঘ.স্থায়ী সম্পদ

৯. ভোক্তার আয়, খরচ করার প্রবণতা ও ঝীবন নির্বাহের খরচ কোন পরিবেশের আওতাভুক্ত?
ক.অর্থনৈতিক পরিবেশ খ.প্রাকৃতিক পরিবেশ
গ.সাংকৃতিক পরিবেশ ঘ.আইনগত পরিবেশ

১০.শিল্পের জন্য প্রয়োজনীয় কাঁচামাল কোন পরিবেশ থেকে আসে?
ক.অর্থনৈতিক খ.রাজনৈতিক
গ. সামাজিক ঘ.প্রাকৃতিক

১১.কোনে পণ্যের চাহিদা আছে কিনা তা জানার জন্য নিচের কোন পরীক্ষাটি করা প্রয়োজন?
ক.কারিগরি দিক খ.বাজারজাতকরণ দিক
গ. বাণিজ্যিক দিক ঘ. আর্থিক দিক

১২. মাইক্রোস্ক্রিনিং-এর উপাদান কোনটি?
ক .বাণিজ্যিক দিক　　খ.প্রাকৃতিক পরিবেশ
গ.সাংকৃতিক পরিবেশ　　ঘ.আইনগত দিক

## সৃজনশীল প্রশ্নঃ

১। জনাব আমান একজন দক্ষ ব্যবসায়ী। তিনি ব্যবসায়কে সঠিক পরিকল্পনা মাফিক পরিচালনা করে সফলতা অর্জন করেন। কিন্তু তার ছোট ভাই জামান সঠিকভাবে ব্যবসায় পরিচালনা করতে পারছেন না। তিনি তার ভাইকে উপদেশ দেন তার পথ অনুসরণ করতে। কারণ তিনি জানেন সঠিক পরিকল্পনা সাফল্যের ভিত তৈরি করে।

ক. সম আয়-ব্যয় বিশ্লেষণ কী?
খ.প্রাক্কলিত নগদানপ্রবাহ বিবরণী বলতে কী বোঝায়?
গ.জনাব আমানের কাজের গুরুত্ব আলোচনা কর
ঘ.জনাব আমানের উপদেশটি কি যুক্তিযুক্ত ? বিশ্লেষন কর ।

২। ঠিকাদারি ব্যবসায়ী জনাব বেলাল সম্প্রতি তার প্রতিষ্ঠানে কিছুসংখ্যক নতুন শ্রমিক নিয়োগ করেন। কিন্তু কাজ সুষ্ঠভাবে সম্পন্ন না হওয়ায় ক্ষতির সম্মুখীন হন। তাই তিনি কাজের পারদর্শী কর্মী নিয়োগ কাজের গতি বৃদ্ধির জন্য ওভারটাইম ও বোনাসের ব্যবস্থা চালু করার সিদ্ধান্ত নেন।

ক. ব্যবস্থাপনা কাকে বলে?
খ.ব্যবস্তাপনার প্রথম কাজ কোনটি? ব্যাখ্যা কর?
গ. জনাব বেলালের ব্যবসায়ে ব্যবস্থাপনার কোন কাজটি পরিলক্ষিত হয়? ব্যাখ্যা কর।
ঘ. কর্মীর দক্ষতা বৃদ্ধিতে জনাব বেলালের সিদ্ধান্তটির যৌক্তিকতা মূল্যায়ন কর।

৩। জনাব ফয়সাল একজন সফল ব্যবসায়ী। তিনি তার সফলতা লাভের কারণ হিসেবে সঠিক পরিকল্পনাকে অগ্রাধিকার দেন। তিনি মনে করেন সঠিক পরিকল্পনা যেকোনো কাজকে অর্ধেক এগিয়ে দেয়। জনাব ফয়সালের বন্ধু জনাব তপন একজন চাল ব্যবসায়ী। তিনি পরিকল্পনামাফিক কাজ না করায় তার ব্যবসায়ে দিন দিন অবনতি ঘটছে। তাই জনাব ফয়সাল তাকে পরিকল্পনামাফিক কাজ সম্পাদনের পরামর্শ দেন।
ক. ব্যবসায়ের অন্যতম মানবসম্পদ কোনটি?
খ. ব্যবস্থাপনার দ্বিতীয় কাজটি সম্পর্কে লেখ।
গ. জনাব ফয়সাল তার বন্ধুকে ব্যবস্থাপনার কোন কাজটি সঠিকভাবে সম্পাদনের পরামর্শ দিয়েছেন? বর্ণনা কর।
ঘ. জনাব ফয়সাল লক্ষ্য অর্জনে কোন বিষয়টিকে অগ্রাধিকার দিয়ে থাকেন?— বিশ্লেষণ কর।
৪। ফরিদ গাজী লেবার করোনি সংলগ্ন একটি ফাস্ট ফুডের দোকান প্রতিষ্ঠা করলেন, কিন্তু ক্রমাগত লোকসান দেওয়ায় পরিকল্পনা অনুযায়ী তিনি ব্যবসায় পরিবর্তন করে মুদির দোকান দিলেন। ব্যবসায় পরিবর্তনের ফলে প্রচুর লোকসান হলো। তাই তাকে সোনালী ব্যাংক থেকে ঋণ নিতে হয়েছে। তবে বর্তমানে তার মুদির দোকান লাভজনক অবস্থায় রয়েছে।
ক. পরিকল্পনা কী?
খ. ব্যবসায় পরিকল্পনা করা হয় কেন?
গ. বিপণন পরিকল্পনা গ্রহণের ক্ষেত্রে ফরিদ গাজী কী কী বিষয় বিবেচনা করবে?
ঘ.ব্যবসায় পরিকল্পনার গুরুত্ব অনুচ্ছেদের আলোকে মূল্যায়ন কর।

৫। মিসেস লিজা ফ্যাশন ডিজাইনের ওপর পড়াশুনা শেষ করে সাতরং নামে একটি বুটিক হাউজ খুলেন। তার বুটিক হাউজটি শহরের অভিজাত এলাকায় প্রতিষ্ঠিত।বর্তমানে তিনি একজন সফল ব্যবসায়ী।
ক.মাইক্রোস্ক্রিনিং কী?
খ.কীসের মাধ্যমে কর্মীর দক্ষতা বৃদ্ধি পায় ব্যাখ্যা কর।
গ. মিসেস লিজার প্রকল্প ধারণার উৎস কয়টি? ব্যাখ্যা কর।
ঘ. মিসেস লিজার ব্যবসায়ে সফল হওয়ার কারণ বিশ্লেষণ কর।

## অধ্যায়–সপ্তম(বাংলাদেশের শিল্প)
## বহুনির্বাচনি অংশ:

১। সর্বশেষ জাতীয় 'শিল্পনীতি' ঘোষিত হয় কত সালে?
ক.২০০৯　　খ.২০১০
গ. ২০১১　　ঘ.২০১২
২। কোন শিল্পটির মধ্যে ভিন্নতা পরিলক্ষিত হয়?
ক.চিনি　　খ.পর্যটন
গ.পাট　　ঘ.সার
৩। কুটিরশিল্পের সর্বোচ্চ জনবল কত জন?
ক.দশ　　খ.পনেরো
গ.বিশ　　ঘ.পঁচিশ
৪। শিল্পকে কয়ভাগে ভাগ করা হয়?
ক.তিন　　খ.চার
গ.পাঁচ　　ঘ.ছয়

নিচের উদ্দীপকটি পড়ে ৫ ও ৬ প্রশ্নের উত্তর দাওঃ
জনাব কাদির মংলা ইপিজেড এ একটি তোয়ালে কার খানা স্থাপন করেন। সেখানে ১৫০ জন শ্রমিক উৎপাদন কাজে নিয়োজিত রয়েছে।

৫ ।জনাব কাদিরের তোয়ালে কারখানাটি কোন শিল্পের অন্তর্গত?
ক. ক্ষুদ্র শিল্প　　খ.মাঝারি শিল্প
গ. সেবা শিল্প　　ঘ.বৃহৎ শিল্প

৬ ।সাধারণত এ ধরনের ব্যবসায়ের আকার নির্ধারণ করা হয়-
র. বিনিয়োগের মূলধন পরিমাণ দ্বারা
রর. ব্যবসায়টি কোন ধরণের পণ্য উৎপাদন করে তার দ্বারা
ররর নিয়োজিত কর্মচারীর সংখ্য দ্বারা
নিচের কোনটি সঠিক?
ক. র. ও রর.　　খ. র ও ররর
গ. রর ও ররর　　ঘ. র, রর ও ররর

৭ ।ক্ষুদ্র শিল্পের সর্বোচ্চ বিনিয়োগ সীমা কত?
ক.১কোটি　　খ.৫কোটি
গ.১০ কোটি　　ঘ.২০ কোটি

৮। দেশের ঐতিহ্যবাহী কারু শিল্প হচ্ছে-
i. নকশিকাঁথা
রর. সিল্ক
ররর. জামদানি
নিচের কোনটি সঠিক?
ক. র. ও রর.　　খ. র ও ররর
গ. রর ও ররর　　ঘ. র, রর ও ররর
৯। সেবামূলক ক্ষুদ্র শিল্পের সর্বোচ্চ শ্রমিকের সংখ্যা কত জন?
ক.১০　খ.২৫　গ.৫০　ঘ.১০০
১০। ছাতক সিমেন্ট কারখানা কোন ধরনের শিল্প?
ক.কুটির শিল্প　খ.মাঝারি শিল্প　গ.ক্ষুদ্র শিল্প　ঘ. বৃহৎ শিল্প
১১। ছাতক সিমেন্ট কারখানা কাঁচামাল হিসেবে ব্যবহৃত হয় কোনটি?
ক.চুন　খ. বালি　গ.পাথর　ঘ. এঁটেল মাটি

## সৃজনশীল প্রশ্নঃ

১। জনাব সজল তার পরিবারের সদস্যদের নিয়ে মাটি দিয়ে বিভিন্ন ধরনের শোপিস, ফুলদানি তৈরি করেন এবং নিজের দোকানেই সেগুলো বিক্রি করেন। অন্যদিকে জনাব আবির ১১৫ জন শ্রমিক নিয়ে চামড়ার তৈরি জুতা, ব্যাগ তৈরি করেন। তার তৈরিকৃত পণ্য দেশের চাহিদা মিটিয়ে দেশের বাইরেও রপ্তানি করা হয়।
ক. ক্রয় ও বিক্রয়মূল্যের ব্যবধানকে কী বলে?
খ. বৃহৎ শিল্প কাকে বলে? ব্যাখ্যা কর।
গ. জনাব সজলের স্থাপিত শিল্পের বর্ণনা দাও।
ঘ.বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশে জনাব আবিরের শিল্পের অবদান আলোচনা করো।
২। জনাব সায়মন চট্টগ্রামের একটি ওষুধ তৈরির কারখানায় পরিদর্শনে যান। কারখানার মালিক আব্দুর রহমান বলেন, এখানে কারখানা

স্থাপনের উদ্দেশ্য হলো উন্নতমানের ওষুধ কম খরচে উৎপাদন করা এবং বিদেশে রপ্তানি করা। এ জন্য তিনি দক্ষ জনশক্তিও নিয়োগ করেছেন।

ক.'ঝিনুক শিল্প'- কোন শিল্পের অন্তর্গত

খ.শিল্প বলতে কী বুঝ?

গ. আব্দুর রহমান কেন চট্টগ্রামে কারখানাটি স্থাপন করলেন? বর্ণনা কর।

ঘ.আব্দুর রহমানের ব্যবসায়টি কি শুধু চট্টগ্রামের উন্নয়নেই ভূমিকা রাখবে? আলোচনা করো।

৩। এশা তার পরিবারকে আর্থিকভাবে সাহায্য করার জন্য নিজ বাড়িতেই পাটের তৈরি খেলনাসামগ্রীর একটি শিল্প স্থাপন করেন। ব্যবসায়টি সম্প্রসারণের লক্ষ্যে তিনি ৬ জন কর্মী নিয়োগ করেন। মানসম্মত পণ্য উৎপাদন করায় তার পণ্যটি বর্তমানে বিদেশেও রপ্তানি হচ্ছে।

ক. মাঝারি সেবা শিল্প বলতে কী বুঝ?

খ.যানবাহন মেরামত কোন শিল্পের অন্তর্গত?ব্যাখ্যা কর।

গ. এশার ব্যবসায়টি কোন শিল্পের অন্তর্গত?ব্যাখ্যা কর।

ঘ. "দেশের অর্থনৈতিক উন্নয়নে এশার মতো উদ্যোক্তাদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ"-উক্তিটির যথার্থতা বিশ্লেষণ কর।

৪। জনাব রহমান পটুয়াখালী জেলার কুয়াকাটায় 'রহমান সল্ট ইন্ডাস্ট্রিজ লি.' নামে লবণ প্রক্রিয়াজাতকরণ কারখানা স্থাপন করেন। তার বিনিয়োগকৃত মূলধনের পরিমাণ জমি ও কারখানা ভবন ব্যতীত ৩ কোটি টাকা। সাগর সংলগ্ন তার কারখানায় ৪১ জন শ্রমিক কর্মরত রয়েছে।

ক. উৎপাদনমুখী শিল্প বলতে কী বুঝ?

খ. খন্ডকালীন উৎপাদন বা সেবা কাজে নিয়োজিত শিল্পটি ব্যাখ্যা কর।

গ. জনাব রহমানের ব্যবসায়টি কোন শিল্পের অন্তর্গত? ব্যাখ্যা কর।

ঘ. আর্থ-সামাজিক অবস্থা বিবেচনায় জনাব রহমানের শিল্পটি স্থাপনের যৌক্তিকতা মূল্যায়ন কর।

৫। রুবি পাট দিয়ে বিভিন্ন প্রকার জিনিস তৈরি করে বাজারে বিক্রি করেন। তার পরিবারের সদস্যরা এ কাজে তাকে সাহায্য করেন। পণ্যের গুণাগুণ ভালো হওয়ায় তার উৎপাদিত পণ্য বাজারে প্রচুর বিক্রি হচ্ছে। ফলে তার পরিবারে সচ্ছলতা ফিরে এসেছে।

ক. বাঁশ ও বেত কোন শিল্পের অন্তর্গত?

খ. সেবামূলক ক্ষুদ্র শিল্প বলতে কী বুঝ?

গ. রুবির ব্যবসায়টি কোন শিল্পের অন্তর্গত? ব্যাখ্যা কর।

ঘ. আর্থ-সামাজিক অবস্থা বিবেচনায় রুবির শিল্পটি স্থাপনের যৌক্তিকতা মূল্যায়ন কর।